



পরিবহন পুল

চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্স বিশ্ববিদ্যালয়

খুলশী, চট্টগ্রাম-৪২২৫, বাংলাদেশ
ফোনঃ ০৩১-৬৫৯০৯৩/৬৫৯৪৯২ এক্সঃ- --
ফ্যাক্সঃ ০৩১-৬৫৯৬২০

স্মারক নং-চভেএসাবি/পরিঃপুল/ প্রশা-১/২০১২/৩৯৭

তারিখঃ ১৪/০৩/২০১৯ খ্রিঃ

ব্যক্তিগত এবং সরকারী কাজে গাড়ি ব্যবহারের ক্ষেত্রে প্রয়োজনীয় নির্দেশাবলী

- ১। রিকুইজিশান ছাড়া গাড়ি ব্যবহার করা যাবে না। প্রতিটি রিকুইজিশান আলাদা ফরমে জমা দিতে হবে। রিকুইজিশান ফরমে উল্লেখিত সময়সীমার মধ্যে গাড়ী নিয়ে ক্যাম্পাসে ফেরত আসতে হবে এবং গাড়ী ব্যবহারের পর (সরকারী/ব্যক্তিগত) রিকুইজিশান দাতা দূরত্ব (কি.মি.) চেক পূর্বক লগ বইতে স্বাক্ষর দিতে হবে।
- ২। সরকারী অথবা ব্যক্তিগত যে কোন কাজে গাড়ি ব্যবহারের ক্ষেত্রে কমপক্ষে ২৪ ঘন্টা পূর্বে রিকুইজিশান ফরম যানবাহন শাখায় পৌঁছাতে হবে।
- ৩। ব্যক্তিগত কাজে প্রাপ্তি সাপেক্ষে প্রতি মাসে সর্বোচ্চ ৪ (চার) বারের অধিক রিকুইজিশান দেয়া যাবে না। ব্যক্তিগত কাজে একসঙ্গে সর্বোচ্চ চার ঘন্টার উপরে গাড়ি ব্যবহার করা যাবে না।
- ৪। বিশ্ববিদ্যালয় বন্ধকালীন সময়ে কেবলমাত্র জরুরী কাজের জন্য (আকস্মিক দুর্ঘটনা/অসুস্থতা) গাড়ি ব্যবহার করা যাবে।
- ৫। জরুরী প্রয়োজন (আকস্মিক দুর্ঘটনা/অসুস্থতা) ব্যতীত রাত ১০.০০ ঘটিকা হতে ভোর ৬.০০ ঘটিকা পর্যন্ত ব্যক্তিগত/সরকারী কোন কাজেই গাড়ি ব্যবহার করা যাবে না। তবে বিমান বন্দর, রেলস্টেশন ও বাস স্টেশন যাতায়াতের ক্ষেত্রে বিষয়টি শিথিল যোগ্য হবে। উল্লেখ্য যে, রাত ১১.০০ ঘটিকার পর কোনভাবেই কোন রিকুইজিশান বহাল থাকবে না। কিন্তু এক্ষেত্রে উক্ত গাড়ীর রিকুইজিশন প্রদানকারীকে মাইলেজ চার্জ প্রদান করতে হবে।
- ৬। একই সময়ে সরকারী ও ব্যক্তিগত উভয় কাজে গাড়ি ব্যবহারের রিকুইজিশান থাকলে সরকারী কাজকে অগ্রাধিকার দেয়া হবে।
- ৭। সরকারী কাজে গাড়ি ব্যবহারের ক্ষেত্রে সুস্পষ্ট বিবরণ/বিশ্ববিদ্যালয়ের প্রদত্ত মনোনয়ন পত্র/প্রয়োজনীয় অন্য কোন কাগজপত্র সংযুক্ত করা না হলে উক্ত রিকুইজিশান ব্যক্তিগত বলে বিবেচিত হবে।
- ৮। সকাল ৯.৩০ ঘটিকা হতে বিকাল ৪.৩০ ঘটিকা পর্যন্ত অধিকাংশ গাড়ি অব্যবহৃত অবস্থায় থাকে। সুতরাং গাড়ি ব্যবহার সংক্রান্ত অধিকাংশ সরকারী কাজ উক্ত সময়ের মধ্যে সম্পন্ন করা বাধ্যনীয়।
- ৯। বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস হতে ২৫ কিলোমিটার এর বেশী দূরত্বে (একমুখী, সর্বোচ্চ সময় ৪ ঘন্টা) গাড়ি ব্যবহারের ক্ষেত্রে উপাচার্য মহোদয়ের অনুমতি নিতে হবে।
- ১০। শুক্রবার ও শনিবার ড্রাইভারদের সাপ্তাহিক ছুটি এবং গাড়ি মেরামত/সার্ভিসের সময়। জরুরী প্রয়োজন ব্যতীত উক্ত দিনগুলোতে গাড়ি ব্যবহারের ব্যাপারে সকলকে বিনীত ভাবে নিরুৎসাহিত করা হলো। জরুরী প্রয়োজনে উপাচার্য মহোদয়ের অনুমতিক্রমে উক্ত দিনগুলোতে গাড়ি ব্যবহার করা যেতে পারে।
- ১১। শিক্ষা সফর/ব্যবহারিক ক্লাশের জন্য গাড়ি ব্যবহারের ক্ষেত্রে বিভাগীয় প্রধান ও ডীন মহোদয়ের সুপারিশ সংযুক্ত করতে হবে।
- ১২। বিশ্ববিদ্যালয়ের শিক্ষক/কর্মকর্তাদের বাসায় যাতায়াতের জন্য বিশ্ববিদ্যালয় চলাকালীন সময়ে প্রতিদিন সকাল ও বিকালে সুনির্দিষ্ট রুটে ১টি মাইক্রোবাস চালু রয়েছে। পরিবহন পুলের নির্দেশ ব্যতীত উক্ত রুট পরিবর্তন করা যাবে না। রুট পরিবর্তনের ফলশ্রুতিতে উক্ত গাড়ী কোন দুর্ঘটনার সম্মুখীন হলে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এ ব্যাপারে কোন দায়ভার বহন করবে না। এক্ষেত্রে সংশ্লিষ্ট গাড়ী ব্যবহারকারীকেই দায়িত্ব বহন করতে হবে।

বিঃ দ্রঃ- জরুরী প্রয়োজনে, অফিস সময়ে পরিবহন শাখায় যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

(সহযোগী অধ্যাপক ড. মোঃ আব্দুল আলীম)
ইনচার্জ, পরিবহন পুল, সিভাসু।